

করোনাভাইরাস রোগ (কোভিড -19)

BENGALI / BENGALI



15 ই অক্টোবর, 2020

প্রিয় ধর্মীয় বিশ্বাস সম্প্রদায়ের নেতৃবৃন্দ,

আমাদের সম্প্রদায়গুলিতে COVID-19 এর বিস্তার কমাতে কানাডাকে সহায়তা করার জন্য আপনার অব্যাহত প্রচেষ্টার জন্য আপনাকে ধন্যবাদ। আপনার কাজটি আমাদের সম্প্রদায়ের জন্য গুরুত্বপূর্ণ এবং আপনার সদস্যদের মধ্যে জনস্বাস্থ্য ব্যবস্থা প্রচার করার জন্য আমি এই সময়ে আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাতে চাই।

এখন, যখন কানাডায় COVID-19 -এর ক্ষেত্রে একটি ধর্মমুখী প্রবণতা রয়েছে, তখন বেশ কিছু অঞ্চলে এর সংখ্যার বৃদ্ধি উদ্বেগের কারণ। এই সময়ে ধর্মীয় বিশ্বাস নেতৃবৃন্দ তাদের সম্প্রদায়সমূহকে পরিচালনা করার একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। যেহেতু আমি সমস্ত কানাডিয়ানকে সামনের মাসগুলিতে COVID-19 এর বিস্তার সীমাবদ্ধ করার জন্য তাদের প্রসঙ্গ এবং ক্রিয়াকলাপসমূহ সামঞ্জস্যপূর্ণ করে নিতে উৎসাহিত করছি, তাই আপনার সাহায্য চাইতে আমি আপনার প্রতি হাত বাড়িচ্ছি।

আমি আজ আপনাকে যোগাযোগ করছি কারণ বেশ কিছু প্রকাশিত প্রাদুর্ভাবসমূহ বিবাহ, জানাজা এবং অন্যান্য ধর্মীয় এবং সম্প্রদায়ের সমাবেশের সাথে সম্বন্ধিত করা হয়েছে। অধিকন্তু, আবহাওয়া, বার্ষিক ছুটি এবং অন্যান্য ক্রিয়াকলাপ যা বছরের এই সময়টিতে মানুষজনকে বাড়ির ভিতরে নিয়ে আসে তা ভাইরাসের অধিকতর বিস্তারের ঝুঁকি আরও বাড়িয়ে তুলতে পারে।

COVID-19 মহামারীর সময় সমাবেশ বা অনুষ্ঠানের আয়োজন বা ব্যবস্থাপনা সম্পর্কিত ঝুঁকি বিবেচনায় ব্যক্তি, গোষ্ঠী এবং সংস্থাগুলিকে সহায়তা করার জন্য পাবলিক হেলথ এজেন্সি অফ কানাডার [জনসমাগম এবং অনুষ্ঠানাদির ঝুঁকি প্রশমন সাধনী](#) যা আমি জুলাই মাসে প্রচার করেছিলাম সেটা আমি আপনাকে স্বরণ করিয়ে দিতে চাই। উপরন্তু COVID-19 এর সংক্রমণের সম্ভাব্য ঝুঁকি হ্রাস করার ব্যবস্থাগুলির উদাহরণও এই সাধনীটি সরবরাহ করে। আমি আরও বলবো যে যদিও প্রাদেশিক, আঞ্চলিক এবং স্থানীয় জনস্বাস্থ্য কর্তৃপক্ষ জনসমাবেশে লোকসংখ্যার সর্বাধিক অনুমোদন নির্ধারণ করেছে, আপনার সম্প্রদায়ের সংক্রমণের মাত্রা, জমায়েতের ধরণ এবং বিন্যাসের নির্দিষ্টতার উপর নির্ভর করে আপনার নিম্নতর একটি অনুমোদন নির্ধারণের কথা বিবেচনা করা উচিত।

শীতল আবহাওয়া এবং বাড়ির অভ্যন্তরে বেশি সময় ব্যয় করাও দুঃখ, চাপ, বিভ্রান্তি ও উদ্বেগের অনুভূতি সৃষ্টি করতে পারে। আপনি এবং আপনার সংগঠনগুলি আপনার সম্প্রদায়ের প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্য সহায়তা প্রদানের ক্ষেত্রে অতি গুরুত্বপূর্ণ হতে থাকবে। [Canada.ca/coronavirus](#) ওয়েবসাইটটিতে [ওয়েলনেস টুগেদার কানাডা পোর্টাল](#) সহ কানাডিয়ানদের জন্য তাত্ক্ষণিক মানসিক স্বাস্থ্য সংস্থান এবং সমর্থন রয়েছে।

আমাদের সম্প্রদায়ে COVID-19-এর প্রসার কমাতে কানাডাকে সাহায্য করার জন্য আপনার অদ্যাবধি প্রচেষ্টার জন্য আপনাকে আবারও ধন্যবাদ জানাই। সচেতনতামূলক সংস্থান এবং পথনির্দেশক নথি সহ কানাডার COVID-19-এর প্রতিক্রিয়া সম্পর্কিত অতিরিক্ত তথ্যের জন্য, দয়া করে [Canada.ca/coronavirus](#) ওয়েবসাইটটিতে যান।

শুভেচ্ছান্তে,

ডা: থেরেসা ট্যাম, চিফ পাবলিক হেলথ অফিসার অফ কানাডা



Agence de la santé
publique du Canada

Public Health
Agency of Canada

Canada



Agence de la santé
publique du Canada

Public Health
Agency of Canada

Canada